

আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর অংশগ্রহন



৭ মার্চ, ২০১৯-বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় ব্যাডমিন্টন দল (ছাত্র/ছাত্রী) এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় ভলিবল দল (ছাত্র) আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতায় অংশগ্রহনের প্রাক্কালে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর সাথে সৌজন্য সাক্ষাত করেন। এসময় শরীরচর্চা শিক্ষা কেন্দ্রের বিভিন্ন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য আগামী (১০ মার্চ, ২০১৯ থেকে ১৩ মার্চ, ২০১৯) তারিখ পর্যন্ত হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিশ্ববিদ্যালয় ব্যাডমিন্টন (ছাত্র/ছাত্রী) প্রতিযোগিতা-২০১৯ অনুষ্ঠিত হবে, এই প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ব্যাডমিন্টন দল (ছাত্র/ছাত্রী) অংশগ্রহন করবে।

এদিকে আগামী (১৬ মার্চ, ২০১৯ থেকে ২০ মার্চ, ২০১৯) তারিখ পর্যন্ত রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিশ্ববিদ্যালয় ভলিবল প্রতিযোগিতা-২০১৯ অনুষ্ঠিত হবে, এই প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ব্যাডমিন্টন দল (ছাত্র) অংশগ্রহন করবে।